

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
আনসারী ভবন (৪র্থ তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা-১০০০

স্মারক নং- স্বাপকম/স্বাসেবি/হেলথ-ইকন/প্রশা:/৪র্থ এইচপিএনএসপি/১-১০ গ্রেড/৭৯৬/২০১৭/ ৫১৯

তারিখ: ১৪/০৫/২০১৯ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (৪র্থ এইচপিএনএসপি) এর অধীন 'হেলথ ইকনোমিক্স এন্ড ফিন্যান্সিং (এইচইএফ)' অপারেশনাল প্ল্যান (ওপি) এর আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র ৪র্থ এইচপিএনএসপি'র মেয়াদ জুন, ২০২২ খ্রি: পর্যন্ত সময়ের জন্য নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনক্রম (গ্রেড) (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্য বেতন)	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সিস্টেম এনালিস্ট	১(এক) টি	৪৩০০০-৬৯৮৫০/- (গ্রেড-৫) অনুযায়ী সাকুল্যে ৬৬,০০০/-	অনূর্ধ্ব ৩৫ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কম্পিউটার সাইন্স/ ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি। 'প্রোগ্রামার' অথবা 'এসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট' হিসেবে ৫ বছরের কর্মঅভিজ্ঞতা। কম্পিউটার সাইন্স/ ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা। সকল প্রার্থীর ক্ষেত্রে সিস্টেম এনালিসিস এ বাস্তব দক্ষতা থাকা প্রয়োজন। তবে প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ওয় বিভাগ/গ্রেডি বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।
২।	গবেষণা কর্মকর্তা	২(দুই) টি	২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) অনুযায়ী সাকুল্যে ৩৫,৬০০/-	৩০ বছর। তবে যোগ্য প্রার্থীর জন্ম সর্বোচ্চ ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোন স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পাশের পর ৪(চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ওয় বিভাগ/গ্রেডি বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। গবেষণা কাজের যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৩।	প্রশাসনিক কর্মকর্তা	১(এক) টি	১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) অনুযায়ী সাকুল্যে ২৭,১০০/-	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ২য় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি। প্রশাসনিক কাজে কমপক্ষে ৩ বছরের কর্ম অভিজ্ঞতা প্রয়োজন।
৪।	ফিল্ড সুপারভাইজার	৩(তিন) টি	১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) অনুযায়ী সাকুল্যে ২১,৭০০/-	ঐ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি বা সমমান। স্বাস্থ্য সেক্টরে মাঠ পর্যায়ে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫।	হিসাবরক্ষক	২(দুই) টি	১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) অনুযায়ী সাকুল্যে ১৮,৩০০/-	ঐ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি। প্রকল্পের হিসাবরক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ ও ২রা মে, ২০১৯ খ্রি: তারিখে বয়স, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর তিন (০৩) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের অনুলিপি এবং মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও লাইন ডাইরেক্টর, এইচইএফ ওপি এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড, আব্দুল গনি রোড শাখা, ঢাকা বরাবরে ৩০০/- টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সহ আগামী ৩০/০৫/২০১৯ খ্রি: তারিখের মধ্যে স্বহস্তে লিখিত দরখাস্ত ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও লাইন ডাইরেক্টর, হেলথ ইকনোমিক্স এন্ড ফিন্যান্সিং, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড, ঢাকা এর বরাবরে অফিস চলাকালীন সময়ে তাঁর দফতরে পৌঁছাতে হবে।
- মেধাক্রমের ভিত্তিতে ও কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ সার্কুলার অনুযায়ী যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- অসম্পূর্ণ ও ভুল তথ্য সংবলিত এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ও 'নিয়োগ বিজ্ঞপ্তি'তে বর্ণিত পদসমূহের বেতন-ভাতা সাকুল্য বেতনে (কনসোলিডেটেড পে) চুক্তিভিত্তিক শুল্ক কর্মসূচি চলাকালীন সময়ের জন্য বলবৎ হবে। চাকুরীর রেকর্ড সন্তোষজনক হওয়া সাপেক্ষে কর্মসূচির মেয়াদ (জুন, ২০২২ খ্রি:) পর্যন্ত চলবে এবং মেয়াদান্তে স্বয়ংক্রিয়ভাবে চাকুরীর অবসান হয়েছে মর্মে গণ্য হবে।
- প্রাপ্ত দরখাস্তসমূহের শর্টলিস্ট করে কেবলমাত্র সকল দিক হতে উপযুক্ত প্রার্থীর লিখিত, ব্যবহারিক ও মৌখিক কিংবা যে কোন ধরনের পরীক্ষায় ডাকা এবং কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে আংশিক কিংবা সকল আবেদন বাতিল অথবা পুরো নিয়োগ প্রক্রিয়া স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

ও
লাইন ডাইরেক্টর
'হেলথ ইকনোমিক্স এন্ড ফিন্যান্সিং'
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আনসারী ভবন (৪র্থ তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা।